

22 FORAMS



ইনকিলাব : জগন্নাথ হলে দু'হাতছাত্রী আটক

অভিসারে বাধা দেয়ার ঘটনায় ঢাবিতে সংঘর্ষ আহত-৪

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : অভিসারে বাধা দেয়াকে কেন্দ্র করে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে সংঘর্ষ হয়েছে। এতে ৪ জন আহত হয়। এদের মধ্যে ২ জনের অবস্থা গুরুতর। দুমুর্খ অবস্থায় ১ জনকে ঢাকা মেডিকেল ও আর ১ জনকে পশু হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাস্থল থেকে পুলিশ অভিসারের নায়ক-নায়িকাকে গ্রেফতার করেছে। দুপুর ১টার দিকে হলের দক্ষিণ বাড়ীর ২৫২নং কক্ষের ছাত্র সুমিত কুমার তার স্ট্যামফোর্ড ইউনিভার্সিটির বাকবী ইশিতা স্নায়কে নিজ কক্ষে নিয়ে যায়। বাইরে থেকে দরজা বন্ধ করে দিয়ে ভেতরে তারা ৩ ঘণ্টা সময় কাটায়। হল শাখার ছাত্রদল কর্মী সুমিতের এ কাহিনী অন্যান্য কক্ষে অবস্থানরত ছাত্রলীগ নেতাকর্মীদের কানে পৌঁছায়। তখন ছাত্রলীগ কর্মী দীপু, বাণ্ডি, মনোজ, অনুপম, সজীব, বাবলুসহ ৭-৮ জন মিলে ২৫২নং কক্ষে হানা দেয়। তারা দরজা ভেঙ্গে ভেতরে ঢুকে দুই জনকে আপত্তিকর অবস্থায় উদ্ধার করে। খবর পেয়ে হলের ছাত্রদল নেতা জুটন

(বহিরাগত), সুভ্রত ওভ, নিলয়, পার্থাসহ অন্যান্যরা চাপাতি, রুভ, লাঠিসোটা নিয়ে ছাত্রলীগ নেতাকর্মীদের উপর হামলা চালায়। তরু হয় উভয়-পক্ষের মধ্যে ধাওয়া-পাশ্চা ধাওয়া সংঘর্ষ। এ সময় বাণ্ডির হাতে এবং দীপুর পিঠে চাপাতির এলোপাতাড়ি কোপ পড়ে। পিটুনিতে অনুপম ও মনোজ আহত হয়। খবর পেয়ে শাহবাগ থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হলে সত্ৰাসীরা পাশিয়ে যায়। পুলিশ সংঘর্ষের হোতা সুমিত ও ইশিতাকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়। জানা যায়, আহত বাণ্ডিকে ঢাকা মেডিকেল কলেজের হাসপাতালে ৩১নং ওয়ার্ডে ভর্তি করা হয়েছে। দীপকে পশু হাসপাতালে ভর্তি করা হয়।

বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ছাত্র হলে ছাত্রী প্রবেশে নিষেধাজ্ঞা থাকলেও জগন্নাথ হলে এ নিয়ম মানা হয় না। ফলে, প্রতিদিনই এ হলে ছাত্রীদের অবাধ প্রবেশের কারণে এ ধরনের ঘটনা ঘটছে। ছাত্রী প্রবেশকে কেন্দ্র করে কয়েকটি সংঘর্ষের ঘটনা ঘটলেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সমস্যার সমাধান করতে কোন ব্যবস্থা গ্রহণ করেনি।